

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০
www.bb.org.bd

সার্কুলার পত্র নং এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৩-৩৪

২১ অগ্রহায়ণ, ১৪২০
তারিখ : -----
০৫ ডিসেম্বর, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস

প্রিয় মহোদয়গণ,

ঢাকাস্থ কেরানীগঞ্জে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অধীনে
ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল, পানগাঁও চালু হওয়া প্রসংগে ।

ঢাকাস্থ কেরানীগঞ্জে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অধীনে নির্মিত ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল, পানগাঁও এর কার্যক্রম গত ০৭ নভেম্বর, ২০১৩ তারিখে চালু হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন নং- ৩২১/২০১২/শুল্ক তারিখ ২৭ নভেম্বর, ২০১২ এর মাধ্যমে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালকে ওয়্যার হাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করা হয়েছে। উক্ত টার্মিনাল ব্যবহারের মাধ্যমে নদীপথে আমদানি-রঙ্গানি কার্যক্রম পরিচালনার সুযোগ গ্রহনের আহ্বান জানিয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পক্ষ হতে ইতোমধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি ও প্রকাশ করা হয়েছে।

পানগাঁও টার্মিনালের মাধ্যমে আমদানি-রঙ্গানি কার্যক্রম সম্পাদনে আগ্রহী গ্রাহকের পক্ষে এলসি ইস্যু/গ্রহণ সহ অপরাপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। উক্ত টার্মিনালের শিপ ও ইয়ার্ড অপারেশনাল কার্যক্রমের রূপরেখা ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের এতদ্সংক্রান্ত পত্র নং ডিটি/আইসিডি/১০৬(অংশ-৩)/১৬২৯ তারিখ ২৫ নভেম্বর, ২০১৩ এর প্রতিলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে এতদ্সংগে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

(মো: আব্দুল মানান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩১৯



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (পরিবহন) এর দণ্ডের

নং-ডিটি/আইসিটি/১০৬(অংশ-৩) / ১৬২৯

তারিখ- ২৫/১১/২০১৩ইং।

বরাবর

মহাব্যবস্থাপক
বৈদেশিক মুদ্রানীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিবাল, ঢাকা।

বিষয় :- ঢাকাস্থ কেরানীগঞ্জে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অধীনে ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল, পানগাঁও চালু হওয়া

প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ কেরানীগঞ্জে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অধীনে নির্মিত ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল, পানগাঁও এর কার্যক্রম গত ০৭/১১/২০১৩ইং তারিখে চালু করা হয়েছে। উল্লেখ্য জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন নং-৩২১/২০১২/গুক্ত তারিখ-২৭/১১/২০১২ ইংরেজী মুলে হয়েছে। উল্লেখ্য জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন নং-৩২১/২০১২/গুক্ত তারিখ-২৭/১১/২০১২ ইংরেজী মুলে হয়েছে। উক্ত পানগাঁও আভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল (আইসিটি)-কে ওয়ার হাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করা হয়েছে। উক্ত পানগাঁও আভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল (আইসিটি)-কে ওয়ার হাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করা হয়েছে। উক্ত পানগাঁও আভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল (আইসিটি)-কে ওয়ার হাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করা হয়েছে। আহবান জানিয়ে গত ২৭/১০/২০১৩ইং তারিখ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, পানগাঁও টার্মিনালের মাধ্যমে আমদানী রপ্তানী কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে এল/সি ইস্যু/গ্রহণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে সিডিউল ব্যাংক সমূহকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। উক্ত টার্মিনালের ব্যবহারের মাধ্যমে নদীপথে আমদানী রপ্তানী কার্যক্রম পরিচালনার সুযোগ গ্রহণের জন্য সংশিষ্ট সকলকে আহবান জানিয়ে গত ২৭/১০/২০১৩ইং তারিখ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
পরিচালক (পরিবহন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপি-

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। কমডোর কমান্ডিং চট্টগ্রাম, বাংলাদেশ নৌ-বাহিনী, নিউমুরিং, চট্টগ্রাম।
- ৫। নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ৬। ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যৱো, ১২২-২৪, মতিবাল বা/এ, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন, ১২ তলা সরকারী ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/আইসিটি, কমলাপুর/পানগাঁও।
- ৯। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিবাল বা/এ, ঢাকা।
- ১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপেক্স (৪৬ তলা), পাহাড়পথ লিঙ্ক রোড, কাওরান বাজার, ঢাকা-১২১৫-এসোসিয়েশনভুক্ত সকল সদস্যদের মধ্যে বহুল প্রচার ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
- ১১। চেয়ারম্যান, শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ, ইলাইট হাউজ (১০ম তলা), ৫৪, মতিবাল বা/এ, ঢাকা-১০০০।
- ১২। চেয়ারম্যান, বাংলাদেশ ওশেন গোলিং শিপ ওনার্স এসোসিয়েশন, ৮/এফ, টিসি ভবন, কাওরান বাজার, ঢাকা।

অনুমতি পাতা



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ

ফোন-০৩১-২৫২২২০০-২৯, ফ্যাক্স: ০৩১-২৫১০৮৮৯

www.cpa.gov.bd

চেয়ারম্যান, চবক এর বিজ্ঞপ্তি নং-০১/২০১৩

তারিখ- ২৭/১০/২০১৩ ইং।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে চট্টগ্রাম বন্দর ও বিআইডব্লিউটিএ এর যৌথ উদ্যোগে নির্মিত ঢাকাস্থ পানগাঁও ইনল্যাণ্ড কন্টেইনার টার্মিনাল এর কার্যক্রম আগামী ০৭/১১/২০১৩ ইং তারিখ থেকে শুরু করা হবে।

উক্ত টার্মিনাল এর সার্বিক কার্যক্রম যথাসময়ে শুরু করার নিমিত্তে পূর্ব প্রস্তুতি প্রহন করার সুবিধার্থে টার্মিনালে শিপিং ও ডেলিভারীসহ সার্বিক কার্যক্রমের একটি রূপরেখা নিম্নমতে জারী করা গেল যা সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

টার্মিনালের সুবিধাদি :

- ১। পানগাঁও টার্মিনাল এর কী ওয়াল এর দৈর্ঘ্য ১৮০ মিটার এবং উহাতে প্রাথমিক পর্যায়ে মোবাইল হারবার ক্রেন দিয়ে অপারেশন পরিচালনা করা হবে। কন্টেইনার ইয়ার্ড এর ফ্রেক্রফল ৫৫,০০০.০০ বর্গ মিটার, ধারণ ক্ষমতা ২৪০০ টিইইউএস, এলসিএল, কন্টেইনার ষাটাফিং ও আন ষাটাফিং এর সুবিধার জন্য ৫,৮১৫ বর্গমিটার আয়তনের সিএফএস সুবিধা বিদ্যমান রয়েছে। উক্ত টার্মিনালে জেটিতে একসাথে ০২ টি কন্টেইনার জাহাজ ভিড়ানো যাবে।

জাহাজ ষাটার্ড সাইজ Length not more than 75m X width 13.5m মিটার।

২। পানগাঁও টার্মিনালে শিপিং এজেন্ট এমএলও, সি.এণ্ডএফ এজেন্ট এবং ফ্রেইট ফ্রেইট করওয়ার্ডারদের তালিকাভুক্তির পদ্ধতি :

ক) শিপিং এজেন্ট :

আলোচ্য ক্ষেত্রে শিপিং এজেন্ট বলতে যে সমস্ত কন্টেইনার ভ্যাসেল সমূহ চট্টগ্রাম বন্দর থেকে পানগাঁও আইসিটি এবং পানগাঁও আইসিটি হতে চট্টগ্রাম বন্দরে চলাচল করবে সে সকল কন্টেইনার ভ্যাসেল সমূহের এজেন্টকে বুঝাবে ।

- i) এক্ষেত্রে সংশ্লিষ্ট জাহাজ পরিচালক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকল সংস্থা হতে অনুমতি/ লাইসেন্স প্রাপ্ত হয়ে চট্টগ্রাম কাস্টম হাউস ও পানগাঁও আইসিটি হতে জাহাজ পরিচালনার লক্ষ্যে শিপিং এজেন্ট হিসেবে তালিকাভুক্তির অনুমতি গ্রহণ করবেন ।
- ii) বর্তমানে চবক এর তালিকাভুক্ত লাইসেন্সধারী শিপিং এজেন্ট সমূহ পানগাঁও আইসিটি কাস্টম স্টেশন হতে অনুমতি প্রাপ্ত হয়ে জাহাজ পরিচালনার লক্ষ্যে শিপিং এজেন্ট হিসেবে তালিকাভুক্তির অনুমতি গ্রহণ করবেন ।
- iii) উক্ত মতে অনুমতি গ্রহণের পর উক্ত শিপিং এজেন্ট চট্টগ্রাম বন্দরে ও পানগাঁও আইসিটিতে কন্টেইনার জাহাজ পরিচালনার জন্য তালিকাভুক্ত হওয়ার লক্ষ্যে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা/চবক বরাবরে জারীকৃত সার্কুলার নং-২৫/৯০ তারিখ-২৩/৮/১৯৯০ মোতাবেক সংযুক্তি-ক অনুযায়ী আবেদন করবেন ।
- iv) প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা/চবক, ডেপুটি কনজারভেটর/চবক ও পরিচালক (পরিবহন), চবক আবেদনকারীর উপযুক্ত প্রতিনিধি সাক্ষাত্কার গ্রহণ করবেন এবং যাবতীয় উপযুক্ততা যাচাই বাছাই করে সন্তোষজনক পাওয়া সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে শিপিং এজেন্ট হিসেবে তালিকাভুক্ত করবেন ।
- v) উক্ত তালিকাভুক্ত চট্টগ্রাম বন্দর এবং পানগাঁও আইসিটি উভয় প্রান্তের জন্য কার্য্যকর হবে ।
- vi) প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা/চবক কর্তৃক সংশ্লিষ্ট শিপিং এজেন্টের খাতে তালিকাভুক্ত হওয়া সংক্রান্ত প্রয়োজনীয় দণ্ডরাদেশ জারী করবেন এবং উক্ত দণ্ডরাদেশে তালিকাভুক্তির বিষয়টি চট্টগ্রাম বন্দর ও পানগাঁও আইসিটি উভয় প্রান্তের জন্য মর্মে উল্লেখ করবেন ।
- vii) উপরোক্ত মতে জারীকৃত দণ্ডরাদেশ অনুযায়ী সংশ্লিষ্ট এজেন্ট পানগাঁও আইসিটির জন্যও তালিকাভুক্ত মর্মে উল্লেখ করে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তার দণ্ডরাদেশ সংযুক্ত করে টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি)-কে পত্র দ্বারা অবহিত করবেন ।

viii) তালিকাভুক্তির জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার /ডিমাও ড্রাফট (DD) এর মাধ্যমে নির্ধারিত অংক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুকূলে এবং পানগাঁও আইসিটির অনুকূলে পৃথকভাবে জামানত হিসেবে দাখিল করতে হবে।

খ) **Main Line Operator (এমএলও):**

i) মেইন লাইন অপারেটর (এমএলও) চট্টগ্রাম বন্দর হতে পানগাঁও আইসিটি এবং চট্টগ্রাম বন্দরের মাধ্যমে যে সকল কন্টেইনার হ্যাশলিং হবে সে সকল কন্টেইনার চট্টগ্রাম বন্দরের তালিকায়ও কোন না কোন এমএলও এর খাতে থাকবে বিধায় এক্ষেত্রে এমএলও-গণ এর চট্টগ্রাম প্রান্তে নতুন করে তালিকাভুক্তির প্রয়োজন হবে না।

ii) তবে পানগাঁও আইসিটি যেহেতু কাস্টম ওয়ার হার্ডিং টেশন হিসেবে ঘোষিত হয়েছে সেহেতু সংশ্লিষ্ট এমএলও-গণকে পানগাঁও আইসিটিতে কন্টেইনার আনা নেয়ার জন্য পানগাঁও কাস্টম টেশন হতে লাইসেন্স দাখিল করে টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে সংযুক্তি-খ অনুযায়ী আবেদন করতে হবে।

iii) টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) অর্থ ও হিসাব বিভাগের সাথে সমন্বয় করে যাবতীয় দলিলাদি যাচাই বাছাইপূর্বক সংশ্লিষ্ট এমএলও-কে তালিকাভুক্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

গ) **সিএন্ডএফ এজেন্ট :**

পানগাঁও আইসিটিতে সংশ্লিষ্ট কর্মকাণ্ড সম্পাদনের লক্ষ্য সিএন্ডএফ এজেন্ট হিসেবে নিয়োজিত হওয়ার জন্য নিম্নমতে ব্যবস্থা গ্রহণ করতে হবে :

i) চট্টগ্রাম বন্দরে তালিকাভুক্ত সিএন্ডএফ এজেন্টগণ পানগাঁও আইসিটির কাস্টম টেশনে রেফারেন্স লাইসেন্স হিসেবে বিধি মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি সমেত আবেদনপূর্বক অনুমোদন গ্রহণ করে টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে তথায় তালিকাভুক্ত হওয়ার জন্য সংযুক্তি-গ অনুযায়ী আবেদন করতে হবে।

ii) নতুন কোন প্রতিষ্ঠান সিএন্ডএফ এজেন্ট হিসেবে তালিকাভুক্ত হতে চাইলে তাদেরকে পানগাঁও আইসিটি কাস্টম টেশন হতে আবেদনপূর্বক অনুমোদন গ্রহণ করতে হবে। উক্ত মতে অনুমোদন পাওয়ার পর টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে তথায় তালিকাভুক্ত হওয়ার জন্য সংযুক্তি-গ অনুযায়ী আবেদন করতে পারেন।

iii) টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) যাবতীয় দলিলাদি পরীক্ষা নিরীক্ষা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উপযুক্ত পাওয়া সাপেক্ষে সিএন্ডএফ হিসেবে তালিকাভুক্ত করবেন।

৪) ফ্রেইট ফরওয়ার্ডার :

- i) ফ্রেইট ফরওয়ার্ডার হিসেবে পানগাঁও আইসিটিতে কর্মকাণ্ড সম্পাদনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পানগাঁও আইসিটি কাস্টম ষ্টেশন হতে বিধি মোতাবেক প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদনপূর্বক অনুমোদন গ্রহণ করতে হবে।
- ii) পানগাঁও আইসিটি কাস্টম ষ্টেশন/এনবিআর হতে ফ্রেইট ফরওয়ার্ডার হিসেবে অনুমোদন প্রাপ্তির পর সংযুক্তি-ষ অনুযায়ী যাবতীয় দলিলাদি সংযুক্ত করে টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে তালিকাভুক্ত হওয়ার জন্য আবেদন করতে হবে।
- iii) টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) যাবতীয় দলিলাদি পরীক্ষা নিরীক্ষা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উপযুক্ত পাওয়া সাপেক্ষে ফ্রেইট ফরওয়ার্ডার হিসেবে তালিকাভুক্ত করবেন।

২। জাহাজের বার্থিং প্রসিডিউর নির্ধারণঃ

পানগাঁও আইসিটিতে কন্টেইনার পরিবাহিত জাহাজ বার্থিং এর জন্য নিম্নমতে পদক্ষেপ অনুসরণ করা যায় :

- i) সংশ্লিষ্ট কন্টেইনার জাহাজের এজেন্ট কর্তৃক টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে সংযুক্তি-ষ অনুযায়ী জাহাজের ঘোষণা প্রদান করবেন।
- ii) বিআইডিলিউটিএ এর সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় করে টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) আগমনত্ব্য জাহাজের Priority নির্ধারণ করবেন।
- iii) বিশেষ নির্দেশনা বা ক্ষেত্র ব্যতীত স্বাভাবিকভাবে অগ্রাধিকার ভিত্তিতে অর্থাৎ 1st Come 1st Serve হিসেবে সংশ্লিষ্ট জাহাজকে পানগাঁও আইসিটিতে বার্থিং করানো হবে।
- iv) জাহাজ বার্থিং হওয়ার পরপরই কন্টেইনার খালাস কার্য শুরু করার লক্ষ্যে পরিবাহিত কন্টেইনার সমূহের ইমপোর্ট জেনারেল মেনিফেস্টসহ প্রয়োজনীয় সকল তথ্যাদি জাহাজ বার্থিং এর ন্যূনতম ১২ ঘন্টা আগে পানগাঁও কাস্টম হাউস ও টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দণ্ডে দাখিল করতে হবে। কেবলমাত্র বর্ণিত ডকুমেন্ট, আইজিএম অনুমতি ইত্যাদি দাখিল করা হলে পাশ্চাপাশি উক্ত জাহাজে বিশেষ কার্গোবাহীত বিপদজনক পণ্য, কারেক্সী, ডিফেন্স কার্গো ইত্যাদি পরিবাহিত হলে সে সমস্ত কন্টেইনার অবতরণের জন্য সংশ্লিষ্ট সংস্থা হতে প্রয়োজনীয় অনুমতি দাখিল করতে হবে। অনুরূপ ক্ষেত্রে উক্ত জাহাজকে বার্থিং এর জন্য Ready হিসেবে গণ্য করা হবে। অন্যথায় পরবর্তী কোন Ready জাহাজ অপেক্ষমান থাকলে non-ready জাহাজ তার টার্ণ হারাবে।

৩। এন বি আর কর্তৃক প্রজ্ঞাপন নংঃ ৩২১/২০১২/শুল্ক তারিখ ২৭/১১/২০১২ মুলে পানগাঁও আইসিটি নৃতন কাস্টম ষ্টেশন হিসাবে ঘোষনা করা হয়েছে। পানগাঁও আইসিটিতে কন্টেইনার ডেলিভারী নেবার জন্য অমদানীকারকগনকে আমদানী ডকুমেন্ট/এলসিতে গন্তব্যস্থল অগ্রীম উল্লেখ করতে হবে।

আমদানী কন্টেইনার গ্রহণ ও কার্গো আনষ্টাফিং, রঙানী কন্টেইনার কার্গো গ্রহণ ও ষ্টাফিং এবং পণ্য ডেলিভারী ও ডকুমেন্টেশন পদ্ধতি নির্ধারণঃ

i) আমদানী কন্টেইনার গ্রহণ ৪

- ক) জাহাজে পরিবাহিত কন্টেইনার সমূহ খালাসের জন্য জাহাজের মাষ্টার ডিসচার্জিং প্ল্যান প্রদান করবেন।
- খ) টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দণ্ডের হতে পরিবাহিত কন্টেইনার সমূহের Size, Weight, Seal Number & Status সহ কন্টেইনার লিষ্ট প্রণয়ন করা হবে যা প্রয়োজনে শিপিং এজেন্ট হতে সংগ্রহ করা যেতে পারে।
- গ) অবতরণপূর্বক কন্টেইনার সমূহ ইয়ার্ডে স্থানান্তর করতঃ সংরক্ষণের জন্য টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দণ্ডের হতে ইয়ার্ড প্ল্যান প্রণয়ন করা হবে।
- ঘ) ডিসচার্জিং প্ল্যান অনুযায়ী জাহাজ হতে কন্টেইনার খালাস কার্য্য শুরু করা হবে।
- ঙ) কন্টেইনার জেটি হেডে অথবা ট্রাঞ্চের ট্রেইলারে স্থাপন করার পর সংশ্লিষ্ট ছক পয়েন্টে কর্মরত কর্মচারী কন্টেইনার লিষ্ট অনুযায়ী কন্টেইনারটি সনাক্ত করবেন এবং কন্টেইনারটি সাইজ অনুযায়ী সঠিক পাওয়া সাপেক্ষে এটির সীল নম্বর সরেজমিনে চেক করবেন।
- চ) আইটেম-গ মতে সঠিক পাওয়া সাপেক্ষে ট্রাঞ্চের ট্রেইলার অপারেটর কন্টেইনারসহ ইয়ার্ড প্ল্যান অনুযায়ী নির্দিষ্ট পয়েন্টে গমন করবেন।
- ছ) ছক পয়েন্টে ঘোষিত সীল নম্বর সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট এমএলও কর্তৃক টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে ভিন্ন সীল নম্বর উল্লেখ করে Re-seal করার অনুমতি/ব্যবস্থা গ্রহণ করবেন।
- জ) ছক পয়েন্টে প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন করার পর ট্যালি/আর এল ইস্যু করা হবে। আর এল এর দুটি কপি ট্রাঞ্চের ট্রেইলার অপারেটরকে প্রদান করা হবে।
- ঝ) ট্রাঞ্চের ট্রেইলার অপারেটর কন্টেইনারসহ ইয়ার্ড প্ল্যান অনুযায়ী নির্দিষ্ট এলাকায় গমন করবেন এবং ইয়ার্ড কর্মচারীকে দুই কপি আর এল প্রদান করবেন।
- ঝঃ) ইয়ার্ড কর্মচারী আর এল মোতাবেক কন্টেইনার ও সীল সঠিকভাবে পেলে ইকুইপমেন্ট অপারেটরকে কন্টেইনার অবতরণপূর্বক নির্ধারিত স্থানে সংরক্ষণের নির্দেশ দিবেন এবং ইকুইপমেন্ট অপারেটর উক্ত মতে কন্টেইনার সংরক্ষণ করবেন।

ii) এলসিএল কন্টেইনার আনষ্টাফিং

- ক) এলসিএল কন্টেইনার আনষ্টাফিং এর ক্ষেত্রে 1st Come 1st Serve এর ভিত্তিতে কন্টেইনার সমূহ টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দণ্ডের কর্মসূচী অনুযায়ী ওয়ার হাউজের সন্নিকটে নির্দিষ্ট স্থানে স্থাপনপূর্বক প্রয়োজনীয় জনবল ও শ্রমিক সমন্বয়ে আনষ্টাফিং করে মালামাল ওয়ার হাউজে যথাসম্মত মার্কা ওয়াইজ সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার হাউজের দায়িত্ব প্রাপ্ত পরিদর্শক আনষ্টাফিংপূর্বক মালামাল সংরক্ষণের যাবতীয় তদারকীর দায়িত্ব পালন করবেন।

iii) রঙানী বোঝাই কন্টেইনার গ্রহণ ও রঙানী কার্টী গ্রহণ/ষাফিং

ক) রঙানীকারকের নিজস্ব ফ্যাস্টরীতে অথবা অফডকে (যদি কোন অফডক স্থাপিত হয়) মালামাল কন্টেইনারে ষাফিং করার ক্ষেত্রে এমএলও পানগাঁও আইসিটি কাস্টম এর অনুমতি গ্রহণ করে খালি কন্টেইনার বাহিরে নিয়ে যাওয়ার জন্য টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে আবেদন করবেন।

খ) টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দপ্তর হতে যথাযথ অনুমতি প্রাপ্তি সাপেক্ষে সিএন্ডএফ এজেন্ট অথবা প্রযোজ্য ক্ষেত্রে অফডক অপারেটর নিজস্ব ট্রেইলার স্থাপন করবে। সংশ্লিষ্ট ইয়ার্ড কর্মচারী কর্তৃক অনুমতি যাচাই করে নির্দিষ্ট কন্টেইনার লোড দেয়ার জন্য ইকুইপমেন্ট অপারেটরকে নির্দেশনা প্রদান করবেন। ইকুইপমেন্ট অপারেটর সে মতে কন্টেইনার ট্রাউট ট্রেইলারে বোঝাই করবেন।

গ) এর বিপরীতে ইয়ার্ড হতে Container Interchange Receipt (CIR) ও মিসের্লাইনাস পেইট পাস ইস্যু করা হবে। পরবর্তীতে গেইট চেকিং এর মাধ্যমে নিরাপত্তা কর্মচারী হতে ছাড়কৃত হয়ে কন্টেইনারটি বের হয়ে যাবে।

ঘ) পরবর্তীতে রঙানী পণ্য বোঝাই কন্টেইনার পানগাঁও আইসিটিতে প্রবেশ করানোর লক্ষ্যে সিএন্ডএফ এজেন্ট/ফেইট ফরওয়ার্ড/অফডক অপারেটর পানগাঁও কাস্টম হাউস হতে অনুমতিসহ টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে আবেদন করবেন এবং প্রযোজনীয় অনুমতি গ্রহণ করবেন।

ঙ) সে মোতাবেক কন্টেইনারটি CIR এর মাধ্যমে পানগাঁও আইসিটিতে প্রবেশ করবে এবং রঙানী কন্টেইনার সংরক্ষণের জন্য ইয়ার্ডের নির্ধারিত স্থানে তা সংরক্ষণ করা হবে।

চ) পানগাঁও আইসিটি অভ্যন্তরে রঙানী পণ্য এনে গুদামজাতকরণপূর্বক কন্টেইনারে ষাফিং এর ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট/ফেইট ফরওয়ার্ড টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দপ্তর হতে প্রযোজনীয় অনুমতি গ্রহণপূর্বক এতে নিরাপত্তা বিভাগের অনাপস্তি গ্রহণ করতঃ মালামাল বন্দর অভ্যন্তরে প্রবেশ করাবেন এবং রঙানী পণ্য সংরক্ষণের জন্য ওয়ার হাউসের নির্দিষ্ট এলাকায় নিজস্ব খবরচে তালিকাভুক্ত শ্রমিকের মাধ্যমে তা সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ) এমএলও/ফেইট ফরওয়ার্ডের তত্ত্বাবধানে উক্ত রঙানী পণ্য নির্দিষ্ট কর্মসূচী অনুযায়ী নির্দিষ্ট কন্টেইনারে ষাফিংপূর্বক সীল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কন্টেইনার ইয়ার্ডের নির্দিষ্ট স্থানে পরবর্তীতে জাহাজী করণের লক্ষ্যে সংরক্ষণ করা হবে।

জ) রঙানী পণ্য বোঝাই কন্টেইনার এবং খালি কন্টেইনার জাহাজীকরণের পরবর্তী ১২ ঘন্টার মধ্যে Export General Manifest (EGM) দাখিল করতে হবে।

ঘ) ট্রাক/কার্ভার্ড ভ্যান যোগে রঙানী পণ্য পানগাঁও আইসিটিতে এনে কন্টেইনারে সরাসরি ষাফিং এর ক্ষেত্রেও উপরোক্ত-ছ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, প্রযোজনীয় সকল ফেনের পানগাঁও আইসিটি কাস্টম ষ্টেশনের অনুমতি গ্রহণ/দাখিল বাধ্যতামূলক থাকবে।

iv) পণ্য ডেলিভারী ও ডকুমেন্টেশন পদ্ধতি:

পণ্য ডেলিভারীর বিষয়টি তিনভাবে কার্যকর হতে পারে :

- ক) ওয়ার হাউজে সংরক্ষিত এলসিএল কন্টেইনার হতে আনষ্টাফিংকৃত পণ্য;
- খ) ইয়ার্ডে নির্দিষ্ট ডেলিভারী পয়েন্ট থেকে এফসিএল কন্টেইনারের পণ্য;
- গ) পণ্য সমেত এফসিএল কন্টেইনার ট্রাইলার ট্রেইলার যোগে ডেলিভারী।

ডকুমেন্টেশন পদ্ধতি :

- ❖ উপরোক্ত সকল ক্ষেত্রেই ডেলিভারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট কর্তৃক পানগাঁও আইসিটি কাস্টম কর্তৃপক্ষ হতে সুনির্দিষ্ট কনসাইনমেন্টের জন্য সংশ্লিষ্ট দলিলাদি সমেত বিল অব এন্ট্রি Out passed করাতে হবে।
- ❖ Out passed বা শুল্ক নিষ্কান্ত বিল অব এন্ট্রিসহ সংশ্লিষ্ট এমএলও/ফ্রেইট ফরওয়ার্ডার হতে এজেন্ট ডেলিভারী অর্ডার সংগ্রহ করতে হবে।
- ❖ পানগাঁও আইসিটির রিলিজ অর্ডার ও জেটি চালান প্রৱণপূর্বক তার সাথে Out passed বা শুল্ক নিষ্কান্ত বিল অব এন্ট্রি ও এজেন্ট ডেলিভারী অর্ডারসহ পানগাঁও আইসিটির ডকুমেন্টেশন সেন্টারে/কক্ষে সংশ্লিষ্ট কর্মচারীর (মেনিফেস্ট ক্লার্ক) নিকট তা ভেরিফিকেশনের জন্য দাখিল করতে হবে। ডকুমেন্ট ভেরিফাইপূর্বক যথাযথ পাওয়া গেলে মেনিফেস্ট ক্লার্ক Verified & Found Ok মর্মে স্বাক্ষর করতঃ তা ছাড় দিবেন।
- ❖ ডকুমেন্ট ভেরিফাই শেষে আলোচ্য কনসাইনমেন্টের খাতে বিল প্রণয়নের জন্য তা বিল ক্লার্ক/কম্পিউটার অপারেটর এর নিকট উপস্থাপিত হবে। সম্পৃক্ত সকল চার্জ উল্লেখপূর্বক বিল প্রণয়ন করা হলে সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি সংশ্লিষ্ট ব্যাংকে তা পরিশোধ করবেন এবং ব্যাংক হতে প্রণীত বিলের উপর বিল পরিশোধকৃত মর্মে প্রয়োজনীয় সীল/স্বাক্ষর প্রদান করবেন।
- ❖ কাউন্টার ক্লার্ক পানগাঁও আইসিটি রিলিজ অর্ডারের নির্দিষ্ট স্থানে পরিশোধকৃত সংশ্লিষ্ট চার্জ সমূহের বর্ণনা প্রিপ নম্বরসহ লিপিবদ্ধ করবেন এবং স্বাক্ষর করতঃ তা পরিবহন পরিদর্শকের নিকট উপস্থাপন করবেন।
- ❖ পরিবহন পরিদর্শক প্রয়োজনীয় পরীক্ষা শেষে উপযুক্ত মতে পাওয়া সাপেক্ষে স্বাক্ষর করতঃ মালামাল ডেলিভারীর জন্য ডকুমেন্ট ছাড় প্রদান করবেন।
- ❖ কাউন্টার ক্লার্ক কর্তৃক রিলিজ অর্ডার, জেটি চালান ও এজেন্ট ডেলিভারী অর্ডার সংরক্ষণ করতঃ বাকি ডকুমেন্ট সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধিগণকে হস্তান্তর করবেন।
- ❖ এ পর্যায়ে ওয়ার হাউজ হতে এলসিএল কার্গো ডেলিভারীর জন্য উক্ত ডকুমেন্ট সহ সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি নির্দিষ্ট ওয়ার হাউজে রিপোর্ট করবেন। ওয়ার হাউজ কর্মচারী কর্তৃক ডেলিভারী রেজিস্টারে নির্দিষ্ট ছক মোতাবেক সকল তথ্য লিপিবদ্ধ করে তা পরিবহন পরিদর্শকের নিকট অগ্রয়ন করলে পরিবহন পরিদর্শক তাতে স্বাক্ষর করতঃ মালামাল ডেলিভারীর আদেশ প্রদান করবেন।
- ❖ ওয়ার হাউজ হতে নির্দিষ্ট পণ্য শ্রমিক দ্বারা সিএন্ডএফ এজেন্ট কর্তৃক আনীত ট্রাক/কার্ভার্ড ভ্যানে বোঝাই করা হবে এবং এ খাতে ট্রাক/কার্ভার্ড ভ্যান ভিত্তিক কার্ট টিকেট প্রণয়ন করা হবে। উক্ত কার্ট টিকেট সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি, ওয়ার হাউজ কর্মচারী ও নিরাপত্তা কর্মচারী কর্তৃক স্বাক্ষরিত হওয়ার মাধ্যমে ওয়ার হাউজ হতে পণ্য ডেলিভারী কার্যকর হবে।

- ❖ নির্দিষ্ট আউট গেইটে নিরাপত্তা কর্মচারী কর্তৃক প্রয়োজনীয় চেকিং শেষে পণ্য সমেত ট্রাক/কাভার্ড ভ্যান সরেজমিনে বের হয়ে যাওয়ার ব্যবস্থা প্রদান করবেন। এ সময় ডেলিভারী ডকুমেন্টসমূহ গেইট সার্জেন্ট জম রাখবেন এবং কার্ট টিকেট সমূহ “পরীক্ষান্তে বাতিল” করা হবে।
- ❖ পরবর্তী দিন গেইট সার্জেন্ট কর্তৃক ডকুমেন্টসমূহ নির্দিষ্ট ডকুমেন্টেশন সেন্টারে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট কাউন্টার ফ্লার্ক তাঁর কাছে পূর্বে স্থিত ডকুমেন্টের সাথে গেইট সার্জেন্ট হতে প্রাপ্ত ডকুমেন্টসমূহ সংযুক্ত করে সংরক্ষণ করবেন।
- ❖ এফসিএল ডেলিভারীর ক্ষেত্রে একইভাবে ডকুমেন্টেশন সেন্টারে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন শেষে ডেলিভারীর জন্য ছাড়কৃত হয়ে সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর সংশ্লিষ্ট শাখায় অথবা ডকুমেন্টেশন সেন্টারে স্থাপিত এফসিএল কন্টেইনার ইনডেন্ট শাখায় কন্টেইনার ডেলিভারী পয়েন্টে স্থাপনের জন্য চাহিদা প্রদান করবেন।
- ❖ উক্ত চাহিদার প্রেক্ষিতে এসাইনমেন্ট তৈরীপূর্বক তা ইয়ার্ডে প্রেরণ করা হবে।
- ❖ ইয়ার্ড কর্মচারী উক্ত এসাইনমেন্ট মোতাবেক নির্দিষ্ট কন্টেইনার ডেলিভারী পয়েন্টে স্থাপন করবেন।
- ❖ সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি ইয়ার্ড অফিসে ডেলিভারী ডকুমেন্ট উপস্থাপন করবেন যা হেড ডেলিভারী কর্মচারী কর্তৃক ডেলিভারী রেজিস্টারে লিপিবদ্ধ করা পূর্বে তাতে পরিবহন পরিদর্শকের স্বাক্ষর গ্রহণ করতঃ চূড়ান্ত তাবে ডেলিভারীর জন্য প্রস্তুত হবেন এবং নির্দিষ্ট কন্টেইনার হতে নির্দিষ্ট ট্রাক/কাভার্ড ভ্যানে পণ্য বোঝাই গ্রহণ করবেন।
- ❖ অতঃপর একইভাবে কার্ট টিকেট প্রণয়নপূর্বক প্রয়োজনীয় স্বাক্ষরের মাধ্যমে পণ্য সমেত ট্রাক/কাভার্ড ভ্যান আউট গেইটে রিপোর্ট করবে এবং একইভাবে নিরাপত্তা কর্মচারীর মাধ্যমে ছাড়কৃত হয়ে গেইট ত্যাগ করবে।
- ❖ এলসিএল কনসাইনমেন্টের ন্যায় একইভাবে গেইট সার্জেন্ট কার্ট টিকেট বাতিল করতঃ ডকুমেন্ট ডকুমেন্টেশন সেন্টারে প্রেরণ করবেন যা কাউন্টার ফ্লার্ক কর্তৃক পূর্বে স্থিত ডকুমেন্ট সহ সংরক্ষণ করবেন।
- ❖ পণ্য সমেত কন্টেইনার ডেলিভারী নেয়ার ক্ষেত্রেও এফসিএল কন্টেইনারের পণ্য ডেলিভারীর ন্যায় ডকুমেন্টেশন শেষে সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি চাহিদা প্রদান করবেন। ইয়ার্ড হতে চাহিদা মোতাবেক সুনির্দিষ্ট কন্টেইনার সিএন্ডএফ এজেন্ট কর্তৃক আনীত নির্দিষ্ট ট্রাইল ট্রেইলারে বোঝাইকৃত হবে এবং একইভাবে কার্ট টিকেট প্রণয়নপূর্বক তা সহ গেইটে রিপোর্ট করে একই পদ্ধতিতে তা গেইট ত্যাগ করবে এবং ডকুমেন্টেশন সেন্টারে গেইট সার্জেন্ট থেকে প্রাপ্ত ডকুমেন্ট সংরক্ষণ করবে।

৪। বিবিধ ৪

ক) কটেইনার/পণ্য ডেলিভারীর ক্ষেত্রে পানগাঁও আইসিটির চার্জ/মাশুল আদায়ঃ

ক.১। উপরোক্ত মতে চার্জ/মাশুল আদায়ের বিষয়টি পানগাঁও আইসিটিতে স্থিত কটেইনার/পণ্য আমদানীকারকের অনুকূলে ডেলিভারী প্রদানের সাথে সম্পৃক্ত।

ক.২। পানগাঁও আইসিটিতে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট আলোচ্য চার্জ/মাশুল পরিশোধ করবেন।

ক.৩। পানগাঁও আইসিটি কর্তৃপক্ষের মনোনীত বাংলাদেশের তফসিলভুক্ত কোন নির্দিষ্ট ব্যাংকে উক্ত চার্জ/মাশুল পরিশোধ করতে হবে।

ক.৪। চার্জ/মাশুল পরিশোধের সুবিধার্থে নির্বাচিত ব্যাংক পানগাঁও আইসিটিতে একটি বুথ স্থাপন করতঃ চার্জ/মাশুল আদায়ের সুবিধা প্রদান করবে।

খ) শিপিং এজেন্ট/এমএলও এর কাছ থেকে কটেইনার এর খাতে ডিসচার্জিং/লোডিং, ষ্টোরেন্ট, লিফট অন/লিফট অফ, এক্সট্রা মুভমেন্ট চার্জ সহ সংশ্লিষ্ট অন্যান্য চার্জ আদায়ঃ

এমএলও

খ.১। টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর অনুমতি নিয়ে পানগাঁও আইসিটিতে স্থাপিত ব্যাংকে সংশ্লিষ্ট এমএলও-গণকে নির্ধারিত অংকের রিভলভিং একাউন্ট খুলতে হবে যা হতে সংশ্লিষ্ট এমএলও-দের খাতে প্রযোজ্য বিল আদায়/সমৰ্থ করা হবে।

খ.২। টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এমএলও-দের বিল প্রণয়নের জন্য স্থল পরিসরে অভিজ্ঞ কর্মচারীদের সমর্থয়ে একটি বিলিং শাখা সৃষ্টি করবেন।

খ.৩। চট্টগ্রাম বন্দরে এমএলও-দের খাতে বিল প্রণয়নের পদ্ধতি/ধাপ অনুসরণ করে থ্রয়োজ্য বিল সমূহ প্রতি Event সম্পাদনের পরবর্তী ২/১ দিনের মধ্যেই প্রণয়ন করতে হবে এবং টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) এর দণ্ডরে হিসাব শাখায় পাঠাতে হবে।

খ.৪। প্রণীত বিল সমূহ পানগাঁও আইসিটির হিসাব শাখা হতে সংশ্লিষ্ট এমএলও-গণের নিকট ৭ (সাত) দিনের সময় দিয়ে প্রেরণ করতে হবে। একই সাথে উক্ত বিলের কাপি সংশ্লিষ্ট ব্যাংকেও প্রেরণ করতে হবে।

খ.৫। বিল প্রাপ্তির পর কোন ভুলক্রটি প্রাপ্ত বা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট এমএলও কর্তৃক তা উপরোক্ত ৭ (সাত) দিনের মধ্যে টার্মিনাল ম্যানেজার (পানগাঁও আইসিটি) বরাবরে লিখিতভাবে জানাতে হবে।

খ.৬। অনুরূপ কোন গ্রহণযোগ্য আপত্তি পাওয়া গেলে অন্তিবিলম্বে সংশোধন করে তা পুনরায় এমএলও এবং ব্যাংকে প্রেরণ করতে হবে।

খ.৭। ৭ (সাত) দিনের মধ্যে কোন আপত্তি পাওয়া না গেলে সংশ্লিষ্ট ব্যাংক তাদের নিকট স্থিত রিভলভিং একাউন্ট থেকে উক্ত বিলের অংক পানগাঁও আইসিটি এর পক্ষে আদায়/সমৰ্থ করা হবে।

খ.৮। আপত্তি প্রাপ্ত বিল সংশোধনের ক্ষেত্রে এমএলও/ব্যাংকে প্রেরণের পর তা তাৎক্ষণিকভাবে আদায়/সমৰ্থ করা হবে।

গ) শিপিং এজেন্ট

- গ.১ শিপিং এজেন্ট থেকে জাহাজের খাতে চার্জ আদায়ের জন্য পরিবহন বিভাগের টিআই ও ডেপুটি কনজারভেটর এর প্রতিনিধি প্রয়োজনীয় ওয়ার্কিং রিপোর্ট/ডাটা সরবরাহ করবেন।
- গ.২ প্রতিটি জাহাজের কাজ শেষ হওয়ার ২৪ ঘন্টার মধ্যে প্রয়োজনীয় ওয়ার্কিং রিপোর্ট/ডাটা টার্মিনাল ম্যানেজার দণ্ডরের হিসাব শাখায় প্রেরন করতে হবে।
- গ.৩ হিসাব শাখা প্রয়োজনীয় হিসাবান্তে রিভলভিং একাউন্টের মাধ্যমে বিল আদায় করবেন এবং জাহাজের NOC প্রদানের সময় বন্দর চার্জ আদায়ের বিষয়টি নিশ্চিত করবে।
- গ.৪ এ বাবদ শিপিং এজেন্টগন পানগাঁওস্ত সোনালী ব্যাংকে রিভলভিং একাউন্ট খুলবেন।

৫।

৫.ক) পানগাঁও আইসিটিতে প্রযোজ্য সকল ধরণের চার্জ/মাশুল আদায়ের লক্ষ্যে পানগাঁও আইসিটির জন্য পৃথকভাবে ট্যারিফ প্রযোজ্য হবে। তবে উক্ত ট্যারিফ ছুঁড়ান্ত না হওয়া পর্যন্ত চট্টগ্রাম বন্দরের ট্যারিফ প্রযোজ্য হবে।

৫.খ) প্রাথমিকভাবে পানগাঁও আইসিটি পরিচালনার ফেত্রে বিভিন্ন কর্ম সম্পাদনে সুষ্ঠু দিক নির্দেশনা বা সিদ্ধান্তের জন্য পৃথকভাবে ওয়ার্কিং রেগুলেশন তৈরী অবধি বন্দরের সকল আইন/বিধি বিধান মেম-পোর্ট অডিন্যাস-১৯৭৬, পোর্ট এ্যাট- ১৯০৮, The Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001 এর সংশ্লিষ্ট ধারা অনুসরণ করতে হবে।

প্রযোজ্য ম্যানেজার,

বিয়ার এডমিনিস্ট্রেশন নিজামউদ্দিন আহমেদ (ট্যাজ)

এনডিসি, পিএসসি, বিএন

চেয়ারম্যান

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-২৭ /১০/২০১৩ ইং।

নথি নং-ডিটি/আইসিডি/১০৬ (অংশ-৩)

বিতরণঃ

- ১। পরিচালক (নিরাপত্তা), চৰক।
- ২। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চৰক।
- ৩। টার্মিনাল ম্যানেজার, চৰক।
- ৪। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চৰক।
- ৫। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও আইসিটি, ঢাকা।
- ৬। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, ছট্টগ্রাম, টক একচেঙ্গ বিল্ডিং, শেখ মুজিব রোড, ছট্টগ্রাম।
- ৭। বাংলাদেশ কটেজিনার এজেন্টস এসোসিয়েশন, রশিদ বিল্ডিং, ছট্টগ্রাম।
- ৮। প্রেসিডেন্ট, ছট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, ছট্টগ্রাম।
- ৯। প্রেসিডেন্ট/সেক্রেটারী জেনারেল, ইন্টাঃ ফ্রেইট ফরোঃ এসোঃ অব বাংলাদেশ, আজিজ কোর্ট (২য় তলা), ৮৮-৮৯, আগ্রাবাদ, ছট্টগ্রাম।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, ছট্টগ্রাম সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন, সি এন্ড এফ টাওয়ার আগ্রাবাদ, ছট্টগ্রাম।
- ১১। পি.এ.টু চেয়ারম্যান, চেয়ারম্যান চৰক মহোদয়ের সদয় অবগতির জন্য।

পরিচালক(পরিবহন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

সংযুক্তি-ক

বরাবরে

প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
চট্টগ্রাম।

ফটো

বিষয় :- শিপিং এজেন্ট হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন।

আপনাদের জারীকৃত সার্কুলার নং-২৫/৯০ তারিখ-২৩/৮/১৯৯০ এর সমস্ত শর্তাবলী মানিয়া লইয়া আমরা চট্টগ্রাম বন্দরে এবং
পানগাঁও আইসিটিতে শিপিং এজেন্ট হিসেবে তালিকাভুক্ত হইতে ইচ্ছুক। নিম্নে আমাদের কিছু তথ্য আপনাদের বিবেচনার জন্য
পেশ করিতেছি ৪

১।	প্রতিষ্ঠানের নাম	:
২।	পূর্ণ ঠিকানা	:
৩।	কাস্টমস লাইসেন্স (নম্বর সহ)	:
৪।	জাতীয়তা সনদ	:
৫।	ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স ও ভ্যাট সনদ	:
৬।	ট্রেড লাইসেন্স	:
৭।	Memorandum & Articles of Association (লিমিটেড কোং এর ক্ষেত্রে)	:
৮।	ব্যাংক স্বচ্ছতার সনদ	:
৯।	জাহাজ খাতে বন্দরের পাওনা পরিশোধের জন্য মনোনীত ব্যাংকের নাম ও ঠিকানা (ব্যাংকের লিখিত পত্র)	:
১০।	নিরাপত্তা জামানতের বিবরণ	:
১১।	তালিকাভুক্তি ফি (অফেরতমোগ্য)	:
১২।	প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/ মালিক/অংশীদারদের নাম, ঠিকানা, বৃত্তান্ত ও সদস্য তোলা ০২ কপি পিপি সাইজের ছবি	:
১৩।	বার্থিং প্রতিনিধির নাম	:

১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র)
(পে-অর্ডার/ডিভি নং-

বর্ণিত অবস্থায়, আমাদের প্রতিষ্ঠানকে চট্টগ্রাম বন্দরে এবং পানগাঁও আইসিটিতে শুধুমাত্র পানগাঁও আইসিটিগামী কন্টেইনার
পরিবহনের জন্য শিপিং এজেন্ট হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করিতেছি।

সংযুক্তি : উপরের বর্ণনা মোতাবেক।

তারিখ : চট্টগ্রাম।

(স্বাক্ষর, নাম ও পদবী)

(শিপিং এজেন্টের নাম)

সংযুক্তি-খ

বরাবরে
টার্মিনাল ম্যানেজার
পানগাঁও আইসিটি
ঢাকা।

ফটো

বিষয় ৪- এমএলও হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন।

পানগাঁও আইসিটিতে এমএলও হিসেবে কর্মকাণ্ড সম্পাদনের জন্য তালিকাভুক্ত হওয়ার নিমিত্তে আমরা শিখামতে তথ্য উপস্থাপনপূর্বক আবেদন :

- ১। প্রতিষ্ঠানের নাম : প্রতিষ্ঠানের নাম প্রতিষ্ঠানের নাম : প্রতিষ্ঠানের নাম
- ২। পূর্ণ ঠিকানা : পূর্ণ ঠিকানা পূর্ণ ঠিকানা পূর্ণ ঠিকানা
- ৩। কাস্টমস্ লাইসেন্স (নম্বর সহ) : কাস্টমস্ লাইসেন্স (নম্বর সহ) কাস্টমস্ লাইসেন্স (নম্বর সহ)
- ৪। জাতীয়তা সনদ : জাতীয়তা সনদ জাতীয়তা সনদ
- ৫। ইনকাম টাক্স ফ্রিয়ারেপ ও ভ্যাট সনদ : ইনকাম টাক্স ফ্রিয়ারেপ ও ভ্যাট সনদ ইনকাম টাক্স ফ্রিয়ারেপ ও ভ্যাট সনদ
- ৬। ট্রেড লাইসেন্স : ট্রেড লাইসেন্স ট্রেড লাইসেন্স
- ৭। Memorandum & Articles of Association (লিমিটেড কোং এর ফ্রেন্টে) :
- ৮। ব্যাংক স্বচ্ছতার সনদ : ব্যাংক স্বচ্ছতার সনদ ব্যাংক স্বচ্ছতার সনদ
- ৯। নিরাপত্তা জামানতের বিবরণ : নিরাপত্তা জামানতের বিবরণ নিরাপত্তা জামানতের বিবরণ
- ১০। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/মালিক/অংশীদারদের নাম, ঠিকানা, বৃত্তান্ত ও সদস্য তোলা ০২ কপি পিপি সাইজের ছবি : প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/মালিক/অংশীদারদের নাম, ঠিকানা, বৃত্তান্ত ও সদস্য তোলা ০২ কপি পিপি সাইজের ছবি

বর্ণিত অবস্থায়, আমাদের প্রতিষ্ঠানকে পানগাঁও আইসিডিতে কন্টেইনার হ্যান্ডলিং এর জন্য এমএলও হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করিতেছি।

সংযুক্তি : উপরের বর্ণনা মোতাবেক।
তারিখ : চট্টগ্রাম।

(স্বাক্ষর, নাম ও পদবী)

----- (এমএলও প্রতিষ্ঠানের নাম)

সংযুক্তি-গ

তারিখ :-

ব্যাবরে
টার্মিনাল ম্যানেজার
পানগাঁও আইসিটি
ঢাকা।

ফটো

বিষয় :- সিএন্ডএফ হিসেবে পানগাঁও আইসিটিতে তালিকাভুক্তির জন্য আবেদন।

জবাব

সবিনয় নিবেদন এই যে, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে সিএন্ডএফ (সেলফ/রেফোরেন্স) এজেন্সী লাইসেন্স নং- -----/২০১ তারিখ- -----/----/২০১ ইং ইন্দু হওয়ায় পানগাঁও আইসিটিতে তালিকাভুক্তিপূর্বক সিএন্ডএফ কার্যক্রম পরিচালনা করতে ইচ্ছুক।

অতএব, মহোদয় সমীক্ষে প্রার্থনা আমাদের প্রতিষ্ঠানকে পানগাঁও আইসিটিতে তালিকাভুক্ত করে সিএন্ডএফ হিসেবে কার্যক্রম পরিচালনা করার অনুমতি প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি :-

- ১। ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি।
- ২। কাস্টম কর্তৃক ইস্যুকৃত বুকলেটের সত্যায়িত কপি।
- ৩। ভোটার আইডি কাৰ্ড/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।
- ৪। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
- ৫। আয়কর সনদপত্রের সত্যায়িত কপি।
- ৬। ভ্যাট সনদপত্রের সত্যায়িত কপি।
- ৭। ব্যাংক সলভেসী সনদপত্রের কপি।
- ৮। মেমোরেন্ডাম অব আর্টিক্যালস্ এর সত্যায়িত কপি (লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে)।
- ৯। ২৫০/- টাকার ষ্ট্যাম্পে কর্মচারীদের আচরণবিধির উপর প্রদত্ত অঙ্গীকারনামা।
- ১০। ২৫০/- টাকার ষ্ট্যাম্পে জামানত জমার উপর প্রদত্ত অঙ্গীকারনামা।
- ১১। নিরাপত্তা জামানত হিসাবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার একখানা সঞ্চয়পত্র।
- ১২। তালিকাভুক্তি ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা চৰক চালানের মাধ্যমে নগদে জমাদান।

নিবেদক

সংযুক্তি-ঘ

তারিখঃ

বরাবরে
টার্মিনাল ম্যানেজার
পানগাঁও আইসিটি
ঢাকা।

ফটো

বিষয়ঃ ফ্রেইট ফরওয়ার্ডার হিসেবে পানগাঁও আইসিটিতে তালিকাভুক্তির জন্য আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা পানগাঁও আইসিটিতে তালিকাভুক্তিপূর্বক ফ্রেইট ফরওয়ার্ডিং কার্যক্রম পরিচালনা করতে ইচ্ছুক।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা আমাদের প্রতিষ্ঠানকে পানগাঁও আইসিটিতে তালিকাভুক্ত করে ফ্রেইট ফরওয়ার্ডার হিসেবে কার্যক্রম পরিচালনা করার অনুমতি প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি ৪-

- ১। ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি।
- ২। কাস্টম কর্তৃক ইস্যুকৃত ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্সের সত্যায়িত কপি।
- ৩। বাফা (BAFFA) এর সনদস্য সনদপত্র।
- ৪। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
- ৫। ভোটার আইডি কার্ড/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।
- ৬। আয়কর সনদপত্রের সত্যায়িত কপি।
- ৭। ভ্যাট সনদপত্রের সত্যায়িত কপি।
- ৮। ব্যাংক সলভেন্সী সনদপত্রের কপি।
- ৯। অভিজ্ঞতার সনদপত্র।
- ১০। মেমোরেন্ডাম অব আর্টিক্যালস্ এর সত্যায়িত কপি (লিমিটেড কোম্পানীর ফ্রেন্টে)।
- ১১। ২৫০/- টাকার ষ্ট্যাম্পে কর্মচারীদের আচরণবিধির উপর প্রদত্ত অঙ্গীকারনামা।
- ১২। ২৫০/- টাকার ষ্ট্যাম্পে জামানত জমার উপর প্রদত্ত অঙ্গীকারনামা।
- ১৩। তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার নগদে জমার চালানের কপি।

নিবেদক